গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি মহিলা কলেজ, দিনাজপুর।
DINAJPUR GOVT. MOHILA COLLEGE
www.dinajpurgmc.edu.bd
স্থাপিত: ১৯৬৬ খ্রি., কলেজ কোড: ৩৪০৩, EIIN: 120822
ফোন : ০২৫৮৮৮১৮৮৫৫
ফ্যাক্স : ০৫৩১-৬৪০১৭
ই-মেইল : dgmc7980@yahoo.com



বিজ্ঞপ্তি নং- ৮০

তারিখ: ৩১.০৮.২০২৬ খ্রি.

## ২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯০ তারিখ: ২৪.০৮.২০২৬ খ্রি. মোতাবেক ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে দিনাজপুর সরকারি মহিলা কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনের মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:**

২০২৪, ২০২৫ ও ২০২৬ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২৪,২০২৫ ও ২০২৬ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**২। আবেদনের জন্য ন্যূনতম যোগ্যতা:**

| ক্রমিক নং | বিভাগ | এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত নূন্যতম জিপিএ | ভার্সন | আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | বিজ্ঞান | ৪.৫০ | বাংলা | ৩৫০ |
| ২. | মানবিক | ৩.৫০ | বাংলা | ৩৫০ |
| ৩. | ব্যবসায় শিক্ষা | ৩.০০ | বাংলা | ১৫০ |

**৩। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:**

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা ও বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ৩.০ এর উপ অনুচ্ছেদ ৩.১,৩.২,৩.৩ ও ৩.৪ অনুযায়ী প্রার্থী নির্বাচন হবে।

**৪। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি: (উপ অনুচ্ছেদ ৩.২ অনুযায়ী):**

কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য ১% এবং অধীনস্থ দপ্তর/সংস্থায় (তফসিল-ঘ অনুযায়ী) কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে ১% সহ মোট ২% কোটা মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে সংরক্ষিত থাকবে। যদি আবেদনকারীর সংখ্যা বেশি হয় সেক্ষেত্রে তাদের নিজেদের মধ্যে মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। আবেদনের সাথে সংশিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ভর্তির জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের আসন নির্ধারণের ক্ষেত্রে সংশিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। এ ক্ষেত্রে সংশিষ্ট ব্যক্তির মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা পাওয়া না গেলে মেধা তালিকা থেকে উক্ত আসনে ভর্তি করতে হবে। কোন অবস্থায় আসন শুন্য রাখা যাবে না।

**৫। ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপে গ্রুপ নির্বাচন করতে পারবে:**

(ক) বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এর যে কোন একটি;

(খ) মানবিক বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এর যে কোন একটি এবং ব্যবসায় শিক্ষা বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগ এর যে কোন একটি;

(গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এর যেকোনটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান বিভাগ ব্যতীত যেকোনটি।

(ঘ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা বোর্ডের যেকোন বিভাগে এবং দাখিল (ভোকেশনাল) গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান, সাধারণ ও মুজাব্বিদ মাহির গ্রুপ এর যেকোন গ্রুপে ভর্তির আবেদন করতে পারবে।

(ঙ) ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর বোর্ডের বিজ্ঞপ্তির ভিত্তিতে শিক্ষার্থীরা বোর্ডের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় ফি প্রদান করে কলেজ, বিভাগ ও বিষয় পরিবর্তন করতে পারবে। তবে অন্যান্য বিভাগ থেকে বিজ্ঞান বিভাগে বিভাগ পরিবর্তনের কোন সুযোগ নেই। বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য বিভাগে ভর্তি হওয়ার পর পরবর্তীতে বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তনের কোন সুযোগ নেই। (ভর্তি বিজ্ঞপ্তি ৫.৮ নীতিমালা)

**৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তি:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নের জন্য যারা আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ২ | পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৩ | পছন্দক্রম পরিবর্তনের তারিখ | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৬/০৯/২০২৬ (বুধবার রাত ৮:০০ টা) |
| ৫ | শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৮/০৯/২০২৬ (শুক্রবার) (রাত ৮:০০ টা) |
| ৬ | পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৯/০৯/২০২৬ (শনিবার) (রাত ৮:০০ টা) |
| ৭ | ভর্তি | ২০/০৯/২০২৬ (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার) |
| ৮ | ক্লাস শুরু | ২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) |

***** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।**

**৭। অনলাইন/এসএমএস এ ভর্তির আবেদনের জন্য করণীয়:**

ক) অত্র শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে।অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইটের ঠিকানা: **www.xiclassadmission.gov.bd**

খ) অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/-(দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০(দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠান আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলি কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

গ। অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের তালিকা কলেজের নোটিশ বোর্ড ও কলেজের ওয়েবসাইটে **www.dinajpurgmc.edu.bd** পাওয়া যাবে।

ঘ) বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে "একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা" (কপি সংযুক্ত)।

৮। ভর্তি সংক্রান্ত যেকোন তথ্য মন্ত্রণালয় অথবা বোর্ড কর্তৃক সংযোজন ও বিয়োজন হতে পারে।

**বিস্তারিত তথ্যের জন্য জনাব শারমিন সুলতানা, প্রভাষক, উদ্ভিদবিদ্যা বিভাগ, মোবাইল নং-০১৭৯৭৯৮৪৩২৫**

**জনাব মোঃ সিরাজ আলী, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, মোবাইল নং-০১৭৫০৭২৪৪৩১**

প্রতিস্বাক্ষর

০২/০৮/২০২৬

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি মহিলা কলেজ

দিনাজপুর

৩১/০৮/২৬

আহ্বায়ক

উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-২০২৬-২০২৭

দিনাজপুর সরকারি মহিলা কলেজ

দিনাজপুর